রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৮, ২০২২

৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**বাংলাদেশের**
**কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১২ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৮২.০০.০০০০.০৪০.০২.০০১.২১.১৩**—যেহেতু, জনাব সাইদুল হোসেন, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা, সাবেক পারফরমেন্স অডিট অধিদপ্তরে কর্মকালীন সময়ে অডিট দল নং-০১ এর দল প্রধান হিসেবে বাংলাদেশ ব্যাংকের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত "রপ্তানীর বিপরীতে নগদ সহায়তা প্রদান ব্যবস্থাপনা" কার্যক্রমের ওপর ২০১৫-২০১৬ হতে ২০১৭-২০১৮ আর্থিক সাল পর্যন্ত পারফরমেন্স অডিটের তথ্য সংগ্রহের দায়িত্বপ্রাপ্ত হন কিন্তু তিনি এর ব্যত্যয় ঘটিয়ে তথ্য সংগ্রহের পরিবর্তে অডিটি প্রতিষ্ঠানে নিজেকে অডিট টিমের দল প্রধান হিসেবে উপস্থাপন করেন;

যেহেতু, তিনি ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, বংশাল শাখায় অডিট আপত্তি উত্থাপন করেন কিন্তু নিজ কার্যালয়ে কোনো এআইআর (AIR) জমা প্রদান করেননি;

যেহেতু, তিনি তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালনে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, এ অভিযোগের প্রেক্ষিতে সিএজি কার্যালয়ের অফিস আদেশ নং-০৩, তারিখ : ২১-০৩-২০২১খ্রিঃ এর মাধ্যমে তাকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয় এবং তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক "অসদাচরণ" এর দায়ে সিএজি কার্যালয়ের অফিস আদেশ নং-৪২২, তারিখ : ২৫-০৪-২০২২খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে অভিযোগনামা জারি করা হয়। আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের স্মারক নং-৬৭২, তারিখ : ২৩-০৫-২০২২খ্রিঃ এর মাধ্যমে তিনি অভিযোগনামার জবাব প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী বিগত ২৩-০৫-২০২২খ্রিঃ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় কর্তৃক বিগত ০৫-০৯-২০২২খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং তিনি অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেছেন;

সেহেতু, জনাব সাইদুল হোসেন, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত জবাব, ব্যক্তিগত শুনানি এবং সার্বিক পর্যালোচনান্তে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনে আরো যত্নবান হওয়ার জন্য 'সতর্ক' করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তার বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত এ কার্যালয়ের ২১-০৩-২০২১খ্রিঃ তারিখের ০৩নং অফিস আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং সাময়িক বরখাস্তকালকে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তার কর্তৃক গৃহীত খোরপোষ ভাতা প্রাপ্য বেতন ভাতা হতে সমন্বয়যোগ্য।

নং **৮২.০০.০০০০.০৪০.০২.০০১.২১.১৪**—যেহেতু, জনাব মোঃ জাহিদুর রহমান, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা, সাবেক পারফরমেন্স অডিট অধিদপ্তরে কর্মকালীন সময়ে অডিট দল নং-০৩ এর সদস্য হিসেবে বাংলাদেশ ব্যাংকের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত "রপ্তানীর বিপরীতে নগদ সহায়তা প্রদান ব্যবস্থাপনা" কার্যক্রমের ওপর ২০১৫-২০১৬ হতে ২০১৭-২০১৮ আর্থিক সাল পর্যন্ত পারফরমেন্স অডিটের তথ্য সংগ্রহের দায়িত্বপ্রাপ্ত হন কিন্তু তিনি এর ব্যত্যয় ঘটিয়ে তথ্য সংগ্রহের পরিবর্তে অডিটি প্রতিষ্ঠানে নিজেকে অডিট টিমের সদস্য হিসেবে উপস্থাপন করেন;

যেহেতু, তিনি কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়াই কোনো কোনো প্রতিষ্ঠানে নিরীক্ষা সম্পাদন করেন;

যেহেতু, তিনি Cash Incentive সংক্রান্ত Documents পরীক্ষা-নিরীক্ষায় উল্লেখ্যযোগ্য ব্যত্যয় পরিলক্ষিত হয়নি মর্মে প্রত্যয়ন প্রদান করেন;

যেহেতু, তিনি তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালনে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, এ অভিযোগের প্রেক্ষিতে সিএজি কার্যালয়ের অফিস আদেশ নং-০৬, তারিখ : ২১-০৩-২০২১খ্রিঃ এর মাধ্যমে তাকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয় এবং তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক "অসদাচরণ" এর দায়ে সিএজি কার্যালয়ের অফিস আদেশ নং-৪২৫, তারিখ : ২৫-০৪-২০২২খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে অভিযোগনামা জারি করা হয়। আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের স্মারক নং-৬৭২, তারিখ : ২৩-০৫-২০২২খ্রিঃ এর মাধ্যমে তিনি অভিযোগনামার জবাব প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী বিগত ২৩-০৫-২০২২খ্রিঃ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় কর্তৃক বিগত ০৫-০৯-২০২২খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং তিনি অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেছেন;

সেহেতু, জনাব মোঃ জাহিদুর রহমান, নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত জবাব, ব্যক্তিগত শুনানি এবং সার্বিক পর্যালোচনান্তে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনে আরো যত্নবান হওয়ার জন্য 'সতর্ক' করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তার বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত এ কার্যালয়ের ২১-০৩-২০২১খ্রিঃ তারিখের ০৬নং অফিস আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং সাময়িক বরখাস্তকালকে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তার কর্তৃক গৃহীত খোরপোষ ভাতা প্রাপ্য বেতন ভাতা হতে সমন্বয়যোগ্য।

**মোহাম্মদ মুসলিম চৌধুরী**
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৯/০৮ আগস্ট ২০২২

নং **০০.০১.০০০০.১০৪.১৩.০০১.২০.৮৪৯**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত পরিচালক জনাব এস এম সাহিদুর রহমান-এর বয়স ১৯-০৯-২০২২ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৩(১)(ক) ধারা মতে ১৯-০৯-২০২২ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ২০-০৯-২০২২ হতে ১৯-০৯-২০২৩ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) যুগপৎভাবে মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল**
পরিচালক।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ ভাদ্র ১৪২৯/০৮ সেপ্টেম্বর ২০২২

নং **০৪.০১.০০০০.১০৪.৯৯.০২২.২২.৩৩১৬৮**—দুর্নীতি দমন কমিশনের পরিচালক পদের নিম্নোক্ত কর্মচারীগণকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৩য় গ্রেডের ৫৬,৫০০—৭৪,৪০০/- টাকার বেতন স্কেলে 'মহাপরিচালক' পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মচারীর নাম, বর্তমান পদবি ও কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১. | মোঃ আক্তার হোসেন, পরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা | মহাপরিচালক |
| ২. | মীর মোঃ জয়নুল আবেদীন শিবলী, পরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | মহাপরিচালক |
| ৩. | সৈয়দ ইকবাল হোসেন, পরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | মহাপরিচালক |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৪.০১.০০০০.১০৪.৯৯.০২২.২২.৩৩১৬৯**—দুর্নীতি দমন কমিশনের উপপরিচালক পদের নিম্নোক্ত কর্মচারীগণকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৫ম গ্রেডের ৪৩,০০০—৬৯,৮৫০/- টাকার বেতন স্কেলে 'পরিচালক' পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | কর্মচারীর নাম, বর্তমান পদবি ও কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১. | এস এম সাহিদুর রহমান, উপপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | পরিচালক |
| ২. | মোঃ লুৎফর রহমান, উপপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | পরিচালক |
| ৩. | মির্জা জাহিদুল আলম, উপপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | পরিচালক |
| ৪. | মোঃ ফরিদ আহমেদ পাটোয়ারী, উপপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | পরিচালক |
| ৫. | ঋত্বিক সাহা, উপপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, কুমিল্লা | পরিচালক |
| ৬. | মোঃ মোশারফ হোসেইন মৃধা, উপপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | পরিচালক |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মাহবুব হোসেন**
সচিব।

---

## আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা

### গণ-বিজ্ঞপ্তি

তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ

নং **৬২৫**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইকো কর্পোরেশন, অফিস: শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মালিবাগ, ঢাকা-১২১৭ এর অনুকূলে অত্র দপ্তর হতে (OLM) এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১১৯৮১৪২০ তারিখ : ০৭-০৯-২০২১ খ্রিঃ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে The Importers, Exporters and Indentors (Registration) Order, 1981 এর 4(m) অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি এতদ্বারা বাতিল করা হলো।

২। বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১১৯৮ ১৪২০ তারিখ : ০৭-০৯-২০২১ খ্রিঃ এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনগত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করেনা এবং বাতিলকৃত আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

**মোঃ রেজাউল ইসলাম**
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা
এর পক্ষে।

---

## প্রধান প্রকৌশলীর কার্যালয়
## গণপূর্ত অধিদপ্তর
## সংস্থাপন শাখা-২

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৯/১৫ সেপ্টেম্বর ২০২২

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৩/১১০**—নিম্নোক্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো :

জনাব মোঃ আব্দুর রশিদ, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), চুয়াডাংগা গণপূর্ত বিভাগ, চুয়াডাংগা—কুষ্টিয়া গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর শূন্য পদে।

বদলীকৃত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) কে ২১-০৯-২০২২ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে দায়িত্বভার হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ২২-০৯-২০২২ তারিখে তিনি 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত হয়েছেন' মর্মে গণ্য হবেন।

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৯/১৩ সেপ্টেম্বর ২০২২

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৩/১০৯**—নিম্নোক্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) দ্বয়কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো :

(১) জনাব মোঃ মাসুদ রানা, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা—মহাখালী গণপূর্ত বিভাগ, ঢাকা। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), মোঃ আজমল হোসেন এর স্থলে।

(২) জনাব মোঃ আজমল হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), মহাখালী গণপূর্ত বিভাগ, ঢাকা—মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), মোঃ মাসুদ রানা এর স্থলে।

এ আদেশটি অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৩ আশ্বিন ১৪২৯/১৮ সেপ্টেম্বর ২০২২

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৩/১১১**—অত্র অধিদপ্তরের ১৩-০৯-২০২২ তারিখের ২৫.৩৬.০০০০.২১১.১৯.২. ০১.১৩/১০৯ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে বদলীকৃত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জনাব মোঃ মাসুদ রানা (ক্রমিক নং-১) এবং জনাব মোঃ আজমল হোসেন (ক্রমিক নং-২) এর বদলীর আদেশটি অনিবার্য কারণবশত পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো।

**মোহাম্মদ শামীম আখতার**
প্রধান প্রকৌশলী।

---

## জাতীয় সঞ্চয় অধিদপ্তর

### অফিস আদেশাবলি

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **০৮.০৪.০০০০.০০৬.১৯.২০২.২০-২১৩১**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত সহকারী পরিচালকদেরকে বর্তমান কর্মস্থল হতে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :

০১। জনাব মোঃ শাহজাহান আলী, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, কুষ্টিয়া—জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুর।

০২। জনাব মোঃ একরামুল হক, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, নীলফামারী—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ঠাকুরগাঁও।

০৩। জনাব মোঃ মমিনুল ইসলাম, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ব্রাহ্মণবাড়ীয়া।

০৪। জনাব মোঃ এরশাদ হোসেন, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ঠাকুরগাঁও—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, নীলফামারী।

০৫। জনাব মিছবাহ উদ্দিন, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ব্রাহ্মণবাড়ীয়া—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, সিলেট।

০৬। জনাব মোঃ আমিনুল হক, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, সিলেট—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, কুষ্টিয়া।

০৭। জনাব শাহানাজ আক্তার নাজ, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুর—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৮.০৪.০০০০.০০৬.১৯.২০৩.২০-২১২৫**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত সঞ্চয় অফিসারদেরকে বর্তমান কর্মস্থল হতে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :

০১। জনাব মোঃ শাহীনূর রহমান, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বরিশাল—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, টাংগাইল।

০২। জনাব এম.এইচ.এম শহীদ উল্লাহ, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বরগুনা—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ভোলা।

০৩। জনাব জান্নাতুল হোসনা, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, টাংগাইল—জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, রামপুরা, ঢাকা।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আব্দুল্লাহ আল মামুন**
সহকারী পরিচালক (প্রশাসন)।

---

**খাদ্য অধিদপ্তর**
**তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.১৬০.২০.৭০১**—যেহেতু, জনাব মোঃ শরীফ মোল্লা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভৈরব, কিশোরগঞ্জ হিসেবে (বর্তমানে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পাথরঘাটা, বরগুনা) কর্মকালীন গত ২১-০৩-২০২০ খ্রি. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, তার নিয়ন্ত্রণাধীন ভৈরব এলএসডি পরিদর্শনকালে উক্ত এলএসডির বিভিন্ন ধরণের অনিয়ম পরিলক্ষিত হওয়ায় উক্ত এলএসডির ০২ ও ০৩নং গুদাম সিলগালা করেন এবং পরবর্তীতে উক্ত এলএসডির ঘাটতির বিষয়টি অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক বিশেষ হিসাব নিরীক্ষা করা হয়; এবং

০২। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-০১ মোতাবেক রেকর্ডমূলে ০৬টি গুদামে ৮৪,৬৪৬ বস্তায় ২৯৩৯.৯২৫ মে. টন চাল মজুত থাকলেও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জের ২৪-০৩-২০২০ খ্রি. এর ৭৯২ নং স্মারকে গঠিত ইনভেন্টরি কমিটি কর্তৃক প্রদত্ত রিপোর্ট অনুযায়ী ০৬টি গুদামে ৮১.৫৭৭ মে.টন চাল ঘাটতি পাওয়া যায়। ফলে সরকারের ৩৫,৪৭,৫৩৬ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়। (প্রতি মে. টন চালের মূল্য ৪৩,৪৮৬.৯৬৫ টাকা হিসেবে); এবং

০৩। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-০২ মোতাবেক রেকর্ডমূলে ০২ ও ০৩নং গুদামে ৩৬৭৭২ বস্তায় ১২৭৫.৩৫৩ মে. টন চাল মজুত থাকলেও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জের ৩১-০৫-২০২০ খ্রি. এর ১৩২৯ নং স্মারকে গঠিত ইনভেন্টরি কমিটি কর্তৃক প্রদত্ত রিপোর্ট অনুযায়ী ৬৭টি খালি বস্তা এবং ১২.১৪৯ মে. টন চাল ঘাটতি পাওয়া যায়। ফলে সরকারের ৫,৩২,৩৪৩ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়। (প্রতিটি খালি বস্তার মূল্য ৬০ টাকা এবং প্রতি মে. টন চালের মূল্য ৪৩,৪৮৬.৯৬৫ টাকা হিসেবে); এবং

০৪। যেহেতু, বিশেষ হিসাব নিরীক্ষার আপত্তি নং-০৩ মোতাবেক রেকর্ডমূলে ০৬টি গুদামে ৪,০৮,৬৩৪ টি খালি বস্তা মজুত থাকলেও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জের ২৪-০৩-২০২০ খ্রি. এর ৭৯২ নং স্মারকে গঠিত ইনভেন্টরি কমিটি কর্তৃক প্রদত্ত রিপোর্ট অনুযায়ী ১,৭৬,৬২৪ টি খালি বস্তা ঘাটতি পাওয়া যায়। যার মধ্যে ৫০ কেজির ধারণক্ষম ১,২২,৬৮০ টি এবং ৩০ কেজির ধারণক্ষম ৫৩,৯৪৪ টি খালি বস্তা রয়েছে। ফলে সরকারের (৯৮,১৪,৪০০ + ৩২,৩৬,৬৪০) টাকা = ১,৩০,৫১,০৪০ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়। (প্রতি ৫০ কেজির ধারণক্ষম প্রতিটি খালি বস্তার মূল্য ৮০ টাকা এবং ৩০ কেজির ধারণক্ষম প্রতিটি খালি বস্তার মূল্য ৬০ টাকা হিসেবে); এবং

০৫। যেহেতু, তিনি নিজস্বার্থ চরিতার্থে অসৎ উদ্দেশ্যে, অবৈধভাবে আর্থিক লাভবান হওয়ার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এরূপ নিয়ম বহির্ভূত কাজে সহায়তা করেন। এতে প্রতীয়মান হয় যে, প্রত্যক্ষ নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে তার তদারকিতে ঘাটতি ও দায়িত্বে অবহেলার কারণে ভারপ্রাপ্ত কর্মকর্তা এরূপ নিয়ম বহির্ভূত কাজে উৎসাহিত হয়েছেন; এবং

০৬। যেহেতু, উল্লিখিত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১০-১১-২০২০ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.১৬০.২০.৫১৯ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক তার নিকট প্রেরণ করা হয়; এবং

০৭। যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনার পরিপ্রেক্ষিতে গত ২৫-১০-২০২১ খ্রি. বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ঘটনার বিষয়ে প্রাথমিক সত্যতা প্রতীয়মান হওয়ায় গুরুদণ্ড আরোপণের সম্ভাবনা থাকায় ন্যায়-বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য জনাব মোঃ জহিরুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৮। যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১১-০৮-২০২২ খ্রি. দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ শরীফ মোল্লা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন; এবং

০৯। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, তার বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় তার দায়িত্ব অবহেলার বিষয়টি প্রমাণিত হয়নি। এছাড়া

তিনি একই সাথে ২-৩ টি উপজেলার দায়িত্বে ছিলেন। ফলে বিভিন্ন খামালের ভিতরের দিকে পরিকল্পিতভাবে প্রতি বস্তার চাল কম রেখে জালিয়াতির ঘটনায় সার্বক্ষণিক উপস্থিত থেকে মালামাল গ্রহণ পর্যায়ে নিবিড় তদারকি করা তার পক্ষে দুরূহ। সার্বিক বিবেচনায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

১০। সেহেতু, জনাব মোঃ শরীফ মোল্লা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পাথরঘাটা, বরগুনা প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভৈরব, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

**মোঃ শাখাওয়াত হোসেন**
মহাপরিচালক (গ্রেড-১)।

## যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

### বিজ্ঞপ্তি

তারিখ : 19-SEP-22

নং **আরজেএসসি/ডি,এন/16100**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Amg Techno Mart Ltd. [C-48402] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Md. Siraj Uddin**
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।

---

## সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
## কুষ্টিয়া

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ০৬ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নং **১৭.০৫.৫০০০.০০০.৪১.০০২.২২-৫৩৯**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এবং নির্বাচন কমিশন সচিবালয়ের ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৬১০ নং পত্রের নির্দেশনা অনুযায়ী আমি মোঃ ফজলুল করিম, জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া এতদ্বারা নিম্নবর্ণিত তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য ও সাধারণ আসনের সদস্য পদে নির্বাচন পরিচালনার নিমিত্তে ৫নং কলামে উল্লিখিত কর্মকর্তাগণকে রিটানিং অফিসার নিয়োগ করিতেছি :

**তফসিল**

| ক্রঃ নং | জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কুষ্টিয়া | কুষ্টিয়া সদর | ২. জিয়ারখী | জনাব মোঃ সহিদুর রহমান<br>উপজেলা নির্বাচন অফিসার, সদর, কুষ্টিয়া |
| ২ | কুষ্টিয়া | কুষ্টিয়া সদর | ২. কাঞ্চনপুর | |
| ৪ | কুষ্টিয়া | মিরপুর | ৩. চিথলিয়া | জনাব মোঃ কবির উদ্দিন<br>উপজেলা নির্বাচন অফিসার, মিরপুর, কুষ্টিয়া |
| ৫ | কুষ্টিয়া | মিরপুর | ৪. ধুবইল | |

নং **১৭.০৫.৫০০০.০০০.৪১.০০২.২২-৫৪০**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর উপজেলার নির্বাচনযোগ্য জিয়ারথী ও কাঞ্চনপুর ইউনিয়ন এবং মিরপুর উপজেলার চিথলিয়া ও ধুবইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৬ অক্টোবর ২০২২ (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১০ অক্টোবর ২০২২ ( সোমবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৭ অক্টোবর ২০২২ ( সোমবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ০২ নভেম্বর ২০২২ (বুধবার) |
| **সকল ইউনিয়ন পরিষদের নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে** | | | |

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

**মোঃ ফজলুল করিম**
জেলা নির্বাচন অফিসার।

## জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
## চাঁপাইনবাবগঞ্জ

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ

নং **১৭.০৪.৭০০০.০০০.৪১.০০১.২২-৩৪১**—নির্বাচন কমিশন সচিবালয়ের ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯. ৪১.০১৬.২২-৬১৮ নং স্মারক পত্রের নির্দেশনা এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার বাতিলকৃত দূলর্ভপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি।

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৬ অক্টোবর ২০২২ | বৃহস্পতিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১০ অক্টোবর ২০২২ | সোমবার |
| (গ) | আপিল দাখিলের তারিখ | : | ১১-১৩ অক্টোবর ২০২২ | মঙ্গলবার-বৃহস্পতিবার |
| (ঘ) | আপিল নিস্পত্তির তারিখ | : | ১৪-১৬ অক্টোবর ২০২২ | শুক্রবার-রবিবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৭ অক্টোবর ২০২২ | সোমবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ১৮ অক্টোবর ২০২২ | মঙ্গলবার |
| (ছ) | ভোটগ্রহণের তারিখ | : | ০২ নভেম্বর ২০২২ | বুধবার |
| **ভোটগ্রহণের সময়সীমা : ইভিএম এর মাধ্যমে সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত** | | | | |

**বিঃদ্রঃ** নতুন করে সময়সুচি বিজ্ঞপ্তি জারি করে মনোনয়নপত্র আহবান করতঃ নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে প্রত্যাহারের সুযোগ দেয়া যাবে।

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

**মোঃ মোতাওয়াক্কিল রহমান**
জেলা নির্বাচন অফিসার।

---

## জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
## লালমনিরহাট

### প্রজ্ঞাপন

তারিখ : ১০ আশ্বিন, ১৪২৯/২৫ সেপ্টেম্বর, ২০২২

নং **১৭.০৮.৫২০০.০০০.৪১.০১২.২১-৬৭৯**—নির্বাচন কমিশন সচিবালয়ের ২৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১. ০১৫.২২.৬২৩ প্রজ্ঞাপন মূলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী লালমনিরহাট জেলার লালমনিরহাট সদর উপজেলার বড়বাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে উপ নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে।

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | | ২১ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ<br>০৬ অক্টোবর, ২০২২ খ্রিঃ (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | | ২৫ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ<br>১০ অক্টোবর, ২০২২ খ্রিঃ (সোমবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | | ০১ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ<br>১৭ অক্টোবর, ২০২২ খ্রিঃ (সোমবার) |
| (ঘ) | প্রতীক বরাদ্দ | | ০২ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ<br>১৮ অক্টোবর, ২০২২ খ্রিঃ (মঙ্গলবার) |
| (ঙ) | ভোটগ্রহণের তারিখ | | ১৭ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ<br>০২ নভেম্বর, ২০২২ খ্রিঃ (বুধবার) |
| **ভোটগ্রহণের সময়সীমা : ইভিএম এর মাধ্যমে সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত** | | | |

**মোঃ মঞ্জুরুল হাসান**
জেলা নির্বাচন অফিসার।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ আশ্বিন, ১৪২৯/২৫ সেপ্টেম্বর, ২০২২

নং **১৭.০৮.৫২০০.০০০.৪১.০১২.২১-৬৭৮**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ৫ এর ক্ষমতাবলে আমি মোঃ মঞ্জুরুল হাসান, জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট নির্বাচন কমিশন সচিবালয়ের ২৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ১৭.০০. ০০০০.০৭৯.৪১.০১৫.২২.৬২৩ স্মারক মোতাবেক নিম্নোক্ত তফসিলের ৩ নং কলামে উল্লেখিত এলাকার জন্য ৫ নং কলামে উল্লেখিত কর্মকর্তা-কে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করলাম।

| ক্রমিক | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম | রিটার্নিং অফিসারের মূল পদবি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | লালমনিরহাট সদর | বড়বাড়ী | চেয়ারম্যান | উপজেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট। |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল হাসান**
জেলা নির্বাচন অফিসার।

---

**বিভাগীয় কমিশনারে কার্যালয়, রাজশাহী**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ আশ্বিন ১৪২৯/২২ সেপ্টেম্বর ২০২২

নং **০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.২২.১০২১**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে **"উপজেলা নির্বাহী অফিসার"** হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | জনাব সাদিয়া আফরিন<br>(পরিচিতি নং-১৭৪৫৯)<br>নিজ জেলা : রাজশাহী | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সোনাতলা, বগুড়া | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শাহজাদপুর, সিরাজগঞ্জ |
| ২. | জনাব টুকটুক তালুকদার<br>(পরিচিতি নং-১৭৫৮৬)<br>নিজ জেলা : নেত্রকোণা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কালাই, জয়পুরহাট | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় আদমদীঘি, বগুড়া |
| ৩. | জনাব মোঃ তরিকুল ইসলাম<br>(পরিচিতি নং-১৭৬৯৬)<br>নিজ জেলা : কুষ্টিয়া | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শাহজাদপুর, সিরাজগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সুজানগর, পাবনা |

২। বদলি/পদায়নকৃত কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.৪৩.০০০০.০১৪.৩৪.০০১.২২.১০২২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৭-২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০১২. ২২.১৮৬ সংখ্যক প্রজ্ঞাপনে **"সিনিয়র সহকারী কমিশনার"** হিসেবে পরবর্তী পদায়নের জন্য ন্যস্তকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তা এ কার্যালয়ে যোগদান করায় তাকে তার নামের পাশে বর্ণিত কার্যালয়ে **"সিনিয়র সহকারী কমিশনার"** পদে পদায়ন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার নাম, পরিচিতি নং, পদবি ও নিজ জেলা | এ কার্যালয়ে যোগদানের তারিখ | বদলি/পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | জনাব শামিমা আক্তার জাহান<br>(পরিচিতি নং-১৮০৮৮)<br>সিনিয়র সহকারী কমিশনার<br>নিজ জেলা : ঢাকা | ২১-০৯-২০২২ খ্রি. | সিনিয়র সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর |

০২। বর্ণিত কর্মকর্তাকে অদ্য ২২-০৯-২০২২ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। তাকে এ কার্যালয় হতে কোনো বেতন-ভাতা প্রদান করা হয়নি।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১১ আশ্বিন ১৪২৯/২৬ সেপ্টেম্বর ২০২২

নং **০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.২২.১০৩৩**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে **"উপজেলা নির্বাহী অফিসার"** হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানের তারিখ | পদায়ন/বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব রোজিনা আক্তার (পরিচিতি নং-১৭৫৯২) নিজ জেলা : সাতক্ষীরা | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত। | ২৫-০৯-২০২২ খ্রি. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় নলডাঙ্গা, নাটোর |
| ২. | জনাব সাঈদা পারভীন (পরিচিতি নং-১৭৬৩৩) নিজ জেলা : ঢাকা | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত। | ২৬-০৯-২০২২ খ্রি. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সোনাতলা, বগুড়া |

২। বদলি/পদায়নকৃত কর্মকর্তাদ্বয় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে ২৬-০৯-২০২২ তারিখ অপরাহ্ণে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। তাদের এ কার্যালয় হতে কোনো বেতন-ভাতা প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৯/১৫ সেপ্টেম্বর ২০২২

নং **০৫.৪৩.০০০০.০১৪.৩৪.০০১.২২.১০০১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৭-২০২২ তারিখের ০৫.০০.০০০.১৩৭.০০.০১২.২২.১৮৬ সংখ্যক প্রজ্ঞাপনে **"সিনিয়র সহকারী কমিশনার"** হিসেবে পরবর্তী পদায়নের জন্য ন্যস্তকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তা এ কার্যালয়ে যোগদান করায় তাকে তার নামের পাশে বর্ণিত কার্যালয়ে **"সিনিয়র সহকারী কমিশনার"** পদে পদায়ন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার নাম, পরিচিতি নং, পদবি ও নিজ জেলা | এ কার্যালয়ে যোগদানের তারিখ | বদলি/পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ কামরুল হাসান সোহাগ (পরিচিতি নং-১৮০৭২) সিনিয়র সহকারী কমিশনার নিজ জেলা : পঞ্চগড় | ১৪-০৯-২০২২ খ্রি. | সিনিয়র সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ |

০২। বর্ণিত কর্মকর্তাকে অদ্য ১৫-০৯-২০২২ তারিখ অপরাহ্ণে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। তাকে এ কার্যালয় হতে কোনো বেতন-ভাতা প্রদান করা হয়নি।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**চট্টগ্রাম**
**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২২

নং **০৫.৪২.০০০০.০১৪.১৬.০১১.১৯-৫০৬**—মাঠ প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর ০৪ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০২০.২১-২৪৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে চট্টগ্রাম বিভাগে ন্যস্ত ও নবযোগদানকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত সহকারী কমিশনার (শিক্ষানবিশ)- কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পাশে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো।

| ক্রম | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | যে জেলায় পদায়ন করা হল |
|---|---|---|---|
| ১. | জনাব মেহরাব হোসাইন (১৮৭৭৮) | কিশোরগঞ্জ | নোয়াখালী |

২। উল্লিখিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত কর্মস্থলে যোগদানের নিমিত্ত ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখ অপরাহ্ণে এ কার্যালয় হতে অবমুক্ত করা হল। বর্ণিত কর্মকর্তা আগামী ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাকে এ কার্যালয় হতে কোনো প্রকার বেতন কিংবা ভাতা প্রদান করা হয়নি।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আশরাফ উদ্দিন**
বিভাগীয় কমিশনার।

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
## রাজস্ব শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৯/১২ সেপ্টেম্বর ২০২২

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০৪৮.১৭.৬৬৭(১৬)**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | সৈয়দ মুরাদ ইসলাম (১৮৮০৫)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- মাদারীপুর<br>স্পাউসের জেলা- গোপালগঞ্জ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা ভূমি মন্ত্রণালয়ের গত ১৬-০৮-২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫৬.১৯.০৬১.২০(অংশ)-১৮২ নং প্রজ্ঞাপনমূলে ন্যস্ত | বাগেরহাট সদর<br>বাগেরহাট |

০২। বর্ণিত কর্মকর্তা নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো। তিনি আগামী ১৩-০৯-২০২২ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জিল্লুর রহমান চৌধুরী**
বিভাগীয় কমিশনার।

---

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
## সংস্থাপন শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ : ০২ আশ্বিন ১৪২৯/১৭ সেপ্টেম্বর ২০২২

নং **০৫.১০.০০০০.০০১.১৫.০১০.১৭.১৫৮**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

০১. জনাব বকুল চন্দ্র কবিরাজ, পরিচিতি নম্বর-১৭৪৮৩, উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশাল—উপজেলা নির্বাহী অফিসার, মুলাদী, বরিশাল।

০২. জনাব মোহাম্মদ তারেক হাওলাদার, পরিচিতি নম্বর-২০৬৩৭, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা—উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশাল।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজরুল ইসলাম**
সিনিয়র সহকারী কমিশনার।

## জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
## ভূমি অধিগ্রহণ শাখা-০২
## ফরম
## অধিগ্রহণ মামলা নং-০২.০৭.০২/২০২০-২১

### "ঘোষণা"

[১৩(২) ধারা মোতাবেক]

যেহেতু, এ মর্মে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং "স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন", ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১১ নং ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩(২) নং ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

### তফসিল

জেলা-ঢাকা, উপজেলা-সাভার, মৌজা-বিলামালিয়া, জে.এল নং-২৩২।

| খতিয়ান | আর.এস দাগ | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৯৭৪ | ১৩৯ (অংশ) | ০.৭৭০০ | ০.৫২৭৫ |
| ৪০ | ১৪৪ (অংশ) | ০.৬৪০০ | ০.১২৬০ |
| ১১০৩ | ১৪৫ (পূর্ণ) | ০.৪২০০ | ০.৪২০০ |
| ৮১৭ | ১৪৬ (অংশ) | ০.৩৬০০ | ০.৩১৪০ |
| ১৯৩ | ১৪৭ (অংশ) | ০.২০০০ | ০.১১২০ |
| ৮৪২ | ১৪৮ (অংশ) | ১.৩৪০০ | ০.২৮৩০ |
| ৮১৭ | ১৪৯ (অংশ) | ০.৩০০০ | ০.১২৫০ |
| ১৯৪ | ১৫২ (অংশ) | ০.২৮০০ | ০.০৯২৫ |

মোট = ২.০০ একর

**কাজী হাফীজুল আমিন**
অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ)।

**জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ এর**
**অধিগ্রহণ মামলা নং-১২/২০২০-২০২১**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ৩০ এর ১৩(২) নম্বর আইন) অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ৩০ এর ১৩(২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা- সাতেঙ্গা, জে.এল নং- ৩৯, উপজেলা- বন্দর, জেলা- নারায়ণগঞ্জ।

| আর.এস দাগ নং | আর.এস খতিয়ান নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) | রেকর্ডীয় শ্রেণি | যৌথ তদন্ত মোতাবেক বর্তমান শ্রেণি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | নাল | ভিটি | বাড়ী | ডোবা |
| ৪১১ (পূর্ণ) | ৩৯ | ০.৬২০০ | ০.৬২০০ | নাল | ০.৫৭০০ | | | ০.০৫০০ |
